

উপজেলা পরিষদের প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটির সেপ্টেম্বর/২০২১ মাসের সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব শামীমা আক্তার
উপজেলা ভাইস চেয়ারম্যান

সভার স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যানের সভা কক্ষ।

সভার তারিখ : ১৪/০৯/২০২১

সভার সময় : সকাল ১১.০০ টা


সভায় উপস্থিত সদস্যগণের স্বাক্ষর- পরিশিষ্ট "ক"

উপস্থিত সদস্যগণকে স্বাগত ও অভিনন্দন জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর উপজেলা শিক্ষা অফিসার পূর্ববর্তী সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী দৃষ্টিকরণ করা হয় এবং উপজেলা শিক্ষা অফিসার সভার আলোচ্য বিষয় সম্পর্কে সভাকে অবহিত করেন।

অতঃপর নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

ক্রমিক নং	আলোচ্যসূচি	আলোচনা	সভার সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	শিক্ষার্থীদের সাথে শিক্ষকগণের যোগাযোগ স্থাপন	অদ্যকার সভায় শিক্ষার্থীদের সাথে শিক্ষকগণের যোগাযোগ স্থাপনের বিষয়ে (বিশেষ করে কোভিড- ১৯ চলাকালীন) বিস্তারিত আলোচনা করা হয়।	শিক্ষকগণ শিক্ষার্থীদের সাথে মোবাইল ফোনে যোগাযোগ করে শিক্ষার্থীরা যাতে বাংলাদেশ টেলিভিশন কর্তৃক প্রচারিত পাঠদান (ঘরে বসে শিখি) রুটিন মোতাবেক মনোযোগ সহকারে শুনেন এবং সে মতে পাঠে অংশগ্রহণ করেন এই বিষয়ে উদ্বুদ্ধ করবেন। প্রত্যেক শিক্ষক প্রতিদিন কমপক্ষে ৩০ জন শিক্ষার্থীর সাথে মোবাইল ফোনে যোগাযোগ করবেন এবং পাঠের বিষয়ে খোঁজখবর নিবেন।	উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সহকারী উপজেলা শিক্ষা অফিসার এবং স্ব- স্ব বিদ্যালয়ের শিক্ষকগণ।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(শামীমা আক্তার)
উপজেলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটি
ব্রাহ্মণবাড়িয়া সদর